দৈনিক বাংলা

তারিখ ২১/৩ক/৭৯
পৃষ্ঠা



# ভাষা প্রচলন কার্যকর কমিটি গঠনের আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বারজন শিক্ষক মঙ্গলবার এক যুক্ত বিবৃতিতে সর্বস্তরে বাংলার ব্যাপক প্রচলনে সরকারী নির্দেশ কার্যকর করার পন্থা নির্ধারণের জন্য জরুরীভাবে একটি 'ভাষা প্রচলন কার্যকর কমিটি' গঠনের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে তাঁরা বলেন যে গত ১৩ই ফেব্রুয়ারী একটি পত্রিকার

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভাষা প্রচলন

(১-এর পৃঃ পর)

প্রকাশিত 'সর্বস্তরে বাংলার ব্যাপক প্রচলনে সরকারী নির্দেশ' শীর্ষক প্রতিবেদনের প্রতি তাঁদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংস্থাপন বিভাগ বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, সংস্থাপন বিভাগের সকল শাখা ও সংশ্লিষ্ট অফিস এবং সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বাংলা ভাষা চালু করার জরুরী নির্দেশ জারি করেছেন। বিলম্বিত হলেও এ নির্দেশ ছিল অর্থপূর্ণ। উল্লেখযোগ্য যে ১৯৭৫ সালেও অনুরূপ একটি নির্দেশ দেয়া হয়েছিল। এরও আগে ১৯৭২ সালে বাংলা প্রচলনের ব্যাপক সরকারী উদ্যোগ দেখা গিয়েছিল। স্মর্তব্য যে, বাংলাদেশের শাসনতন্ত্র অনুযায়ী বাংলা ভাষাই আমাদের রাষ্ট্রভাষা।

বিবৃতিতে দুঃখ প্রকাশ করে বলা হয় যে এসব শাসনতান্ত্রিক বিধান ও সরকারী নির্দেশ যথাযথ কার্যকর হচ্ছে কিনা তা দেখার জন্য পূর্ববর্তী সরকার কোন উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করেননি। বর্তমান সরকারও কিছু করেছেন বলে তাদের জানা নেই।

বিবৃতিতে স্বাক্ষর করেন: ডঃ আহমদ শরীফ, ডঃ সিরাজুল ইসলাম চৌধুরী, ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী, ডঃ মনিরুজ্জামান মিয়া, ডঃ এম ইসলাম, সর্বজনাব সাঈদুর রহমান, আবুল কাসেম ফজলুল হক, আহমদ কবীর, মনসুর মুসা, মোহাম্মদ আবু জাফর, সরদার ফজলুল করিম ও মুহম্মদ হাবিবুল্লাহ।